

Open Access: সংক্ষিপ্ত পরিচিতি

লেখক: [Peter Suber](#)

অবারিত আমন্ত্রণ ("Open Access" বা "OA") তথ্যাবলী হচ্ছে "digital" বা বৈদ্যুতিন, সর্বদা সংযুক্ত ("online"), বিনামূল্যে উপলব্ধ এবং বেশিরভাগ সস্বাধিকার এবং লাইসেন্স-এর থেকে মুক্ত। এটা সম্ভব হয় Internet এবং লেখক বা সস্বাধিকারীর অনুমতি থাকলে।

বেশিরভাগ ক্ষেত্রেই বিদ্যমান পত্রিকাগুলো লেখকদের কোনো পয়সা দেয়না, তাই তারা অনায়াসেই OA-র অনুমতি দিতে পারেন। এদিক থেকে দেখতে গেলে, পন্ডিত এবং বিজ্ঞানীরা সঙ্গীতসেবী বা চলচ্চিত্রের সাথে জড়িত কলাকারদের থেকে আলাদা তাই গান-বাজনা বা ছায়াছবির মত বিতর্ক সাহিত্য বা বৈজ্ঞানিক প্রবন্ধে লাগু হয়না।

OA-তেও সম্পূর্ণ "peer review" বা বিদ্যমান সমালোচনা করা সম্ভব এবং বরবর ওয়া উদ্যোগ গুলো বৈজ্ঞানিক ও সাহিত্যিক উৎকর্ষের ওপর বিশেষ জোর দেন। ঠিক যেমন লেখকেরা তাদের শ্রম দান করেন, সেইভাবেই বেশিরভাগ পত্রিকা সম্পাদক এবং বিশেষজ্ঞরাও এই প্রচেষ্টা বিনা পারিশ্রমিকেই করে থাকেন।

OA সাহিত্য উৎপাদন কিন্তু বিনামূল্যে সম্ভব নয়, যদিও ছাপা পত্রিকার চেয়ে খরচা অনেক কম পড়ে। প্রশ্নটা "নাহম বিদ্যা বিক্রয়ম করিষ্যামি" নয়, বরং কিভাবে খরচটা ওঠানো যায় পাঠকদের ওপরে আর্থিক বোঝা না চাপিয়ে কিম্বা ওখানে প্রবেশের বাধা সৃষ্টি না করে। কিভাবে OA অবধি পৌঁছানো যাবে তার ওপর নির্ভর করে খরচা তোলার "বাণিজ্য মডেল"।

মূলত দু'রকম ভাবে OA দেওয়া যেতে পারে: OA জার্নাল (পত্রিকা) এবং OA archive/repository (সংগ্রহশালা)।

- **OA সংগ্রহশালা:** এখানে "peer review" হয়না, কিন্তু যাই থাক এখানে, যেকোনো বিনামূল্যে পড়তে পারেন। এর মধ্যে অসমালোচিত পান্ডুলিপি বা সমালোচিত প্রবন্ধ বা দুটি থাকতে পারে। এরকম সংগ্রহশালা থাকে প্রধানত বড় সংস্থা, যেমন বিশ্ববিদ্যালয় বা গবেষণাগারে, এবং বিষয়ভিত্তিক যেমন,

পদার্থবিদ্যা বা অর্থনীতি | লেখকেরা তাদের পান্ডুলিপি কারো অনুমতি ছাড়াই রাখতে পারেন এখানে, এবং এখন বেশিরভাগ পত্রিকায় লেখকদের ছাপা প্রবন্ধ-ও রাখতে দিচ্ছে | যেসব সংগ্রহশালা "Open Archives Initiative (OAI)"-এর "Metadata harvesting protocol" বা তথ্য খনন-এর নিয়মাবলী পালন করে, তারা নিজেদের মধ্যে কথা বলতে পারে এবং যেকোনো ব্যবহারকারীই যা খুঁজছেন তা পেয়ে যাবেন এটা না জেনেই যে প্রবন্ধটা ঠিক কোন সংগ্রহশালার মধ্যে ছিল | এখন "Open-source software" অর্থাৎ বিনামূল্যের software পাওয়া যায় OAI-মান্য সংগ্রহশালা তৈরী করা এবং চালানোর জন্যে, কারণ সারা পৃথিবীর লোক এখন এটা খুব বেশি করে ব্যবহার করতে চাইছেন | একটা সংগ্রহশালা তৈরী করতে গেলে খরচা খুবই সামান্য: কিছুটা জায়গা চাই "server"-এ আর কারিগরের জন্যে কিছুটা সময় |

- **OA পত্রিকা:** এখানে "peer review" হবার পরে প্রবন্ধগুলো বিনামূল্যে উপলব্ধ হয় | এখানে খরচা লাগে peer review, পান্ডুলিপি তৈরী এবং server-এর জায়গার | OA পত্রিকার খরচা ওঠে রেডিও TVর মত: যারা ওই প্রবন্ধের থেকে উপকৃত হবে, সেই কোম্পানিরা এই খরচগুলো পুরো করে দেন, ফলে পাঠকদের কোনো পয়সা দিতে হয়না | কোনো সময়ে এটা সম্ভব হয় যদি পত্রিকাগুলো কোনো বিশ্ববিদ্যালয় বা পেশাগত সংগঠনের থেকে ভর্তুকি পায় | কখনো আবার পত্রিকাগুলো কিছু পয়সা চায় লেখক (বা লেখকের প্রতিষ্ঠান বা বাইরের অর্থ অনুদানকারী সংস্থার) থেকে | যে সব লেখকেরা একদমই পয়সা দিতে পারেননা, সেই সব ক্ষেত্রে OA পত্রিকার ওটা মকুব করে দেয় সাধারণত | যে সব OA পত্রিকার কোনো প্রতিষ্ঠানের থেকে ভর্তুকি পায়, তারা সচরাচর কোনো পয়সা নেয়না | কিছু ক্ষেত্রে OA পত্রিকার কম পয়সা নিয়েও চালাতে পারে যদি তাদের অন্য রোজগার থাকে, যেমন: অন্যান্য ছাপা বই বা পত্রিকা, বিজ্ঞাপন, পয়সা নিয়ে কিছু অতিরিক্ত সেবা, আনুসঙ্গিক সেবা | কিছু প্রতিষ্ঠান আর সংগঠন কিছু ছার দেয় | কোনো কোনো OA পত্রিকা, যে প্রতিষ্ঠানের বাৎসরিক চাঁদা দেওয়া আছে, সেখানকার সব গবেষকদের লেখা বিনামূল্যে ছেপে দেয় | যদি কারো কল্পনাশক্তি উর্বর হয়, আরও নানারকম ভাবে খরচা ওঠানোর রাস্তা বার করতে পারেন - সবে তো কলির সন্কে!

আরও বেশি জানতে হলে , তার সাথে আরও links শুদ্ধ, এই লেখাটা এখানে দেখতে
পারেন: <http://www.earlham.edu/~peters/fos/overview.htm>.

Translated into Bangla by [Dr. S. N. Sarbadhikari](#).